**FYUG Odd Semester Exam., 2024**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSC–101T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

*পূর্ণমান* : ৭০

উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চর্যাপদ' কত খ্রিস্টাব্দে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল? 'চর্যাপদ'-এর ভাষাকে কী ভাষা বলা হয়?

(খ) 'চর্যাপদ' কাব্যের দুজন কবির নাম উল্লেখ করো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কয়টি খণ্ড রয়েছে? শেষ খণ্ডের নাম উল্লেখ করো।

২। প্রাচীন বাংলার একমাত্র নিদর্শন 'চর্যাপদ'-এর সাহিত্যিক মূল্য আলোচনা করো। ১০

অথবা

৩। আদি মধ্যযুগের কাহিনি কাব্য 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর কাব্যকাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

## UNIT—II

৪। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মালাধর বসুকে 'গুণরাজ খান' উপাধি কে প্রদান করেছিলেন? কবির পিতার নাম কী?

(খ) কবি কৃত্তিবাসের অনুদিত 'রামায়ণ' কাব্যের নাম কী? কৃত্তিবাসকে 'এ বঙ্গের অলংকার' বলে কে অভিহিত করেছেন?

(গ) কাশীরাম দাস কোন্ কাব্য বাংলায় অনুবাদ করেছিলেন? তাঁর পৈতৃক উপাধি কী ছিল?

৫। "কাশীরাম দাস তাঁর 'ভারত পাঁচালী'র মাধ্যমে বাঙালি জাতিকে তাদের হৃদয়ের সামগ্রীর দ্বারা পুণ্যফল বিতরণ করেছেন।" এই মন্তব্যের আলোকে মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদকের কৃতিত্ব আলোচনা করো। ১০

অথবা

৬। 'ভাগবত' অনুবাদের ধারায় কবি মালাধর বসুর কবিকৃতি আলোচনা করো। ১০

## UNIT—III

৭। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মনসামঙ্গল' কাব্যধারার কবি নারায়ণ দেবের কাব্যের নাম কী? তাঁর কাব্য কত খণ্ডে বিভক্ত?

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর উপাধি কী ছিল?

(গ) কবি ভারতচন্দ্রকে রাজা কৃষ্ণচন্দ্র কী উপাধি প্রদান করেছিলেন? তিনি কোন্ শতকের কবি ছিলেন?

৮। ''মুকুন্দরাম নিজের মানসিক ঔদার্যে আমাদের কালে এসে পড়েছেন, দেবদেবীর মঙ্গলকথা লিখলেও তিনি মানবমঙ্গলেরই কবি।'' সমালোচকের এই মন্তব্যের আলোকে কবি মুকুন্দরামের 'চণ্ডীমঙ্গল' কাব্যের বিশেষত্ব সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

৯। 'মনসামঙ্গল' কাব্যধারায় নারায়ণ দেবের কবিকৃতি আলোচনা করো। ১০

## UNIT—IV

১০। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কে রচনা করেছেন? তাঁর মায়ের নাম কী?

(খ) কৃষ্ণদাস কবিরাজ রচিত চৈতন্য জীবনীগ্রন্থের নাম কী? তাঁর গুরু কে ছিলেন?

(গ) পূর্বরাগ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁর জন্মস্থানের উল্লেখ করো।

১১। "সুগভীর পাণ্ডিত্য, অসাধারণ দার্শনিকতা ও ভক্তি শাস্ত্রে অতন্দ্র নিষ্ঠা তাঁকে মধ্যযুগে অন্যতম কবির মর্যাদা দিয়েছে।" এই মন্তব্যের আলোকে কবি কৃষ্ণদাস কবিরাজের 'শ্রীচৈতন্য চরিতামৃত' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা

১২। বৈষ্ণব পদ-সাহিত্যধারায় কবি বিদ্যাপতির কবিকৃতি আলোচনা করো। ১০

## UNIT—V

১৩। নিম্নলিখিত যে-কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) দৌলতকাজী রচিত কাব্যের নাম কী? এটি কার পৃষ্ঠপোষকতায় রচিত হয়েছিল?

(খ) আলাওল অনুদিত 'পদ্মাবতী' কাব্যের উৎস-কাব্য কোনটি? এটি কে রচনা করেছিলেন?

(গ) শাক্তপদাবলীর দুটি পর্যায়ের নাম লেখো।

১৪। কবি আলাওলের কাব্যপ্রতিভা সংক্ষেপে বিশ্লেষণ করো। ১০

অথবা

১৫। "তাঁর গানগুলি উদার আকাশের মতো বিশাল, সরল সুরের হাওয়ায় মনের সমস্ত জ্বালা যন্ত্রণা বিক্ষোভ-বিদ্বেষ দূর করে দেয়।" এই মন্তব্যের আলোকে কবি রামপ্রসাদের শাক্তপদের বিশেষত্ব সংক্ষেপে বিশ্লেষণ করো। ১০

★★★

**2024/FYUG/ODD/SEM/**
**BNGDSC–102T/227**

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSC–102T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক) ]**

*Full Marks* : 70
*Pass Marks* : 28

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর অনূদিত দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) ফোর্ট উইলিয়াম কলেজের সঙ্গে যুক্ত যে কোনো দুজন গদ্যপুস্তক লেখকের নাম লেখো।

(গ) বাংলাভাষায় প্রকাশিত প্রথম দৈনিক পত্রিকা কোনটি? এটি কার সম্পাদনায় প্রকাশিত হয়?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা গদ্যচর্চার ইতিহাসে সাময়িকপত্রের ভূমিকা সম্পর্কে আলোচনা করো।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) অমিত্রাক্ষর ছন্দে রচিত মাইকেল মধুসূদন দত্তের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) নবীনচন্দ্র সেন রচিত দুটি আখ্যানকাব্যের নাম লেখো।

(গ) বিহারীলাল চক্রবর্তীর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) নবীনচন্দ্র সেনের কবিকৃতির পরিচয় দাও।

(খ) বাংলা কাব্যসাহিত্যের ইতিহাসে বিহারীলাল চক্রবর্তীর অভিনবত্ব আলোচনা করো।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'কুলীনকুলসর্বস্ব' নাটকটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়?

(খ) দীনবন্ধু মিত্র রচিত দুটি প্রহসনধর্মী নাটকের নাম লেখো।

(গ) গিরিশচন্দ্র ঘোষের দুটি পৌরাণিক নাটকের নাম উল্লেখ করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) নাট্যকার মাইকেল মধুসূদন দত্ত সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা নাট্যসাহিত্যের ধারায় গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'বন্দেমাতরম' সংগীতটি বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসে সন্নিবেশিত? ১৮৮২ সালে প্রকাশিত তাঁর বিখ্যাত ঐতিহাসিক উপন্যাসটির নাম লেখো।

(খ) স্বর্ণকুমারী দেবীর পিতা-মাতার নাম লেখো।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের যে কোনো দুটি ছোটগল্পের নাম উল্লেখ করো।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাসগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'রামতনু লাহিড়ি ও তৎকালীন বঙ্গ সমাজ' গ্রন্থটির লেখকের নাম কী? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

(খ) দেবেন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

(গ) রাসসুন্দরী দাসী রচিত আত্মজীবনীমূলক গ্রন্থটির নাম লেখো। গ্রন্থটি কবে প্রকাশিত হয়?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) দেবেন্দ্রনাথ ঠাকুর রচিত আত্মজীবনীটির সাহিত্যগুণ মূল্যায়ন করো।

(খ) আত্মজীবনীমূলক রচনার ধারায় উনিশ শতকের নারীদের অবদান আলোচনা করো।

★ ★ ★

**2024/FYUG/ODD/SEM/**
**BNGDSM–101T/228**

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSM–101T

**[ ( বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

*Full Marks* : 70
*Pass Marks* : 28

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চর্যাপদ' কত সালে এবং কোথা থেকে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'চর্যাপদ'-এর সংস্কৃত টিকাকারের নাম কী? 'চর্যাপদ'-এর মোট পদসংখ্যা কয়টি?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের রচয়িতার নাম কী? এই কাব্য প্রথম কে আবিষ্কার করেন?

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) বাংলা সাহিত্যের আদি নিদর্শন 'চর্যাপদ'-এর ঐতিহাসিক মূল্য আলোচনা করো।

(খ) বড়ু চণ্ডীদাস ও তাঁর 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির পরিচয় দাও।

## UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) মালাধর বসুর পিতার নাম কী? মালাধর বসু কোথায় জন্ম গ্রহণ করেন?

(খ) 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? কাশীরাম দাস 'মহাভারত'-এর মোট কয়টি পর্ব অনুবাদ করেন?

(গ) কৃত্তিবাসের অনূদিত 'রামায়ণ' গ্রন্থটির নাম কী? কৃত্তিবাস কোন্ শতকের কবি?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ভাগবত অনুবাদে মালাধর বসুর কবি-কৃতিত্ব আলোচনা করো।

(খ) 'রামায়ণ' অনুবাদে কবি কৃত্তিবাসের কৃতিত্ব বিশ্লেষণ করো।

## UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'মনসামঙ্গল' কাব্যের দুটি নারী চরিত্রের নাম লেখো।

(খ) মুকুন্দরাম চক্রবর্তী কোন্ যুগের কবি? তাঁর রচিত কাব্যটির নাম কী?

(গ) ভারতচন্দ্র রচিত মঙ্গলকাব্যটির নাম কী? ভারতচন্দ্রের মৃত্যুসাল উল্লেখ করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যের পরিচয় দাও।

(খ) 'মনসামঙ্গল' কাব্যের কবি নারায়ণ দেবের কৃতিত্ব আলোচনা করো।

## UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) 'চৈতন্যলীলার ব্যাস' কাকে বলা হয়েছে? বৃন্দাবনদাসের মায়ের নাম কী?

(খ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটি মোট কয়টি খণ্ডে বিভক্ত? যে কোনো একটি খণ্ডের নাম লেখো।

(গ) 'মৈথিল কোকিল' কাকে বলা হয়? তিনি কোন্ রাজসভার কবি ছিলেন?

( Turn Over )

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'চৈতন্যচরিতামৃত'-এর কবি কৃষ্ণদাস কবিরাজের কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) কবি বিদ্যাপতির কবিকৃতি ও কাব্যবৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করো।

## UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রামপ্রসাদ সেন কোন্ সময়ের কবি? রামপ্রসাদের গানের সুর কী নামে পরিচিত?

(খ) দৌলতকাজী রচিত গ্রন্থের নাম কী? তিনি কোন্ রাজসভার কবি ছিলেন?

(গ) সৈয়দ আলাওল কোথাকার কবি? তাঁর রচিত একটি উল্লেখযোগ্য কাব্যের নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আরাকান রাজসভার কবি সৈয়দ আলাওলের কবি-প্রতিভার পরিচয় দাও।

(খ) শাক্তপদ রচনায় রামপ্রসাদের কৃতিত্ব আলোচনা করো।

★ ★ ★

**2024/FYUG/ODD/SEM/
BNGAEC–101T/230**

**FYUG Odd Semester Exam., 2024**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৫০

উত্তীর্ণমান : ২০

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## UNIT—I

১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) মৌলিক শব্দ কোন্ ভাষা থেকে গৃহীত?

(খ) 'অর্ধ-তৎসম' কোন্ শব্দের শ্রেণীতে পড়ে?

(গ) বাংলা ভাষায় ব্যবহৃত একটি আরবী শব্দের উল্লেখ করো।

(ঘ) 'আলমারি' শব্দটি বাংলায় কোন্ ভাষা থেকে এসেছে?

২। ওলন্দাজ ভাষা থেকে বাংলায় এসেছে এরূপ দুটি শব্দের উল্লেখ করো। ২

অথবা

৩। টীকা লেখো : ২

তদ্ভব শব্দ

৪। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত মৌলিক শব্দগুলির পরিচয় দাও। ৫

অথবা

৫। বাংলা ভাষা অপর যেসব ভাষার ঘনিষ্ঠ সম্পর্কে এসে বিদেশী শব্দ সঞ্চয় করেছে সেগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫

## UNIT—II

৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) কোন্ রীতিতে সমাসবদ্ধ পদের ব্যবহার নেই বললেই চলে?

(খ) সংস্কৃত ভাষার প্রতি আনুগত্য কোন্ রীতির প্রধান বৈশিষ্ট্য?

(গ) 'অকস্মাৎ' শব্দটি বাংলা গদ্যের কোন্ রীতিতে বহুল ব্যবহৃত?

(ঘ) 'তাদের' শব্দটিকে সাধুভাষায় পরিবর্তিত করো।

৭। চলিত ভাষায় দুটি ধন্যাত্মক শব্দের উল্লেখ করো। ২

**অথবা**

৮। সাধু রীতি থেকে চলিত রীতিতে দুটি ক্রিয়াপদের রূপান্তর দেখাও। ২

৯। চলিত রীতির পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫

**অথবা**

১০। সাধু রীতি ও চলিত রীতির পাঁচটি পার্থক্য উল্লেখ করো। ৫

## UNIT—III

১১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) বাংলায় ব্যঞ্জনবর্ণ কয়টি?

(খ) আকাদেমি বানান অনুসারে কখন ব্যঞ্জনবর্ণ দ্বিত্ব হয়না?

(গ) 'অলঙ্কার' না 'অলংকার'—কোন্ বানানটির ব্যবহার আকাদেমি বানান মতে বাঞ্ছনীয়?

(ঘ) আকাদেমি বানান মতে, ব্যঞ্জনবর্ণের সঙ্গে স্বরচিহ্ন যোগের ক্ষেত্রে স্বরচিহ্নের কোন্ রূপটি গ্রহণীয়?

১২। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি অনুসারে বিদেশি বানানের ক্ষেত্রে 'ন' এবং 'ণ'-এর মধ্যে কোনটি ব্যবহৃত হবে? এর একটি উদাহরণ দাও। ২

অথবা

১৩। আকাদেমি বানান মতে, তৎসম শব্দের বানানে দীর্ঘস্বর না হ্রস্বস্বর গ্রহণ করা হয়? একটি শব্দের উল্লেখ করে বুঝিয়ে দাও। ২

১৪। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি গৃহীত বাংলা বানানবিধির যে কোনো পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ৫

অথবা

১৫। অশুদ্ধি সংশোধন করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

কৌতুহল ; উচ্ছাস ; গীতাঞ্জলী ; বিদ্যান ; ভৌগলিক ; প্রাঙ্গন ; কাঙ্খিত।

## UNIT—IV

১৬। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'বঙ্গভাষা' কবিতাটির কবি কে?

(খ) 'মায়ের দেওয়া মোটা কাপড়' কবিতাটি কার লেখা?

(গ) "জননী আমার! চরণে তোমার / করিছে প্রণতি এ দীনভক্ত,"—কোন্ কবিতার অংশ?

(ঘ) 'স্বাধীনতা সঙ্গীত' কবিতাটি কোন্ ধরনের কবিতা?

১৭। 'স্বাধীনতা সঙ্গীত' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ২

অথবা

১৮। ''পরের জিনিস কিনবো না, যদি/মায়ের ঘরের জিনিস পাই।'' এখানে 'পরের' এবং 'মায়ের ঘরের' বলতে কী বোঝানো হয়েছে? ২

১৯। 'বাণীবন্দনা' কবিতাটির সারমর্ম লেখো। ৫

অথবা

২০। 'মায়ের দেওয়া মোটা কাপড়' কবিতাটির মধ্য দিয়ে দেশপ্রেমের যে পরিচয় ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

## UNIT—V

২১। নিম্নলিখিত যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(খ) ''কাপালিক মনুষ্য, আমিও মনুষ্য।'' উক্তিটি কার?

(গ) কাপালিকের পালিতা কন্যার নাম কী?

(ঘ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়ক কে?

২২। নবকুমার কোথায়, কাদের দ্বারা পরিত্যক্ত হয়েছিল? ২

অথবা

২৩। ''কোথা যাইতেছ? যাইও না। ফিরিয়া যাও—পলায়ন করো।'' উক্তিটি কে, কাকে করেছিল? ২

২৪। 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে কাপালিকের চরিত্রটি বিশ্লেষণ করো। ৫

অথবা

২৫। ''পথিক, তুমি পথ হারাইয়াছ?'' উক্তিটির আলোকে উপন্যাসে বর্ণিত ঘটনার বিবরণ দাও। ৫

★ ★ ★